# ২০২৫
# বাংলা
## (অনার্স)
## (সিবিসিএস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNG-H-CC-T-8
## (বাংলা সমালোচনা সংকলন ও প্রবন্ধ সংকলন)
## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) বর্তমান সমাজ ও সংস্কৃতি প্রবন্ধে 'একীভূত ভদ্রলোক' বলতে কাদের কথা বলা হয়েছে? তারা কোথায় জুড়ে বসেছিল?

খ) 'যাও প্রতাপ অমরধামে' পাঠ্য কোন্ প্রবন্ধে উক্তিটি উল্লিখিত? কোন্ উপন্যাসে কার উদ্দেশ্যে একথা বলা হয়েছে?

গ) সতীনাথ ভাদুড়ীর 'পড়ুয়ার নোট থেকে' প্রবন্ধটি কবে কোথায় প্রথম প্রকাশিত হয়?

(পরের পাতায়)

ঘ) 'আর আমার কোনো ভয় নেই' — এই কথাটি কোন্ উপন্যাসে কে কখন বলেছিল?

ঙ) বৃত্তির টাকা দিয়ে প্রাবন্ধিক অসিতকুমার বন্দ্যোপাধ্যায় কী কী বই কিনেছিলেন?

চ) "কবি সেই অনাথা রাজকন্যাকে চিরদিনই এই অপ্রশস্ত আশ্রয়ের মধ্যে বসাইয়া রাখিয়াছেন"—অনাথা রাজকন্যা বলতে কাকে বোঝানো হয়েছে? তিনি কার লেখা কোন্ আখ্যায়িকার চরিত্র?

ছ) কোন্ ব্যক্তি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিণ্ডিকেটে উকিল ব্যারিস্টারদের প্রাধান্য ও শিক্ষকদের অভাব দেখে বিস্মিত হয়েছিলেন? প্রসঙ্গটি তোমাদের কোন্ পাঠ্য প্রবন্ধে আছে?

জ) 'বঙ্গালী বলতে এখানে সহজিয়া বৌদ্ধ সাধনার তিনটি পন্থা' বোঝানো হয়েছে। —'এখানে' বলতে কোথায় ও কী কী পন্থা উল্লেখ করো।

ঝ) "ভাষা নিয়ে জাতি, জাতি নিয়ে দেশ। বাংলা ভাষার উৎপত্তির সঙ্গে সঙ্গে বাঙালি জাতির ইতিহাস শুরু।" — কার লেখা কোন্ গ্রন্থে এ মন্তব্য করা হয়েছে?

ঞ) 'তোমার সমস্ত সৃষ্টিছাড়া কথা — কিছুই বুঝিবার জো নাই' — কোন্ প্রবন্ধে কে কাকে একথা বলেছে?

ট) রবীন্দ্রনাথের 'সাহিত্যের পথে' প্রবন্ধ গ্রন্থের 'তথ্য ও সত্য' প্রবন্ধটি কবে কোথায় পঠিত হয়? পরে কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?



ঠ) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের শুরুতেই 'উদ্ভিদ' সম্পর্কে প্রাবন্ধিকের ধারণাটি দুটি বাক্যে লেখো।

ড) "তাঁর রেখে যাওয়া বাণী আমাদের ডাক দিল প্রথমে সত্যিকার বাঙালি হবার......."— কার সম্পর্কে কে এই মন্তব্য করেছেন?

ঢ) "ভাষার ক্ষেত্রে সাহিত্য শব্দের তাৎপর্য কী।" — রবীন্দ্রনাথ তাঁর 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে এই প্রশ্নটি করেছেন এবং পরের বাক্যেই তার উত্তর দিয়েছেন। — উত্তরটি লেখো।

ণ) 'লাইব্রেরির' মধ্যে কাদের কণ্ঠ প্রতিফলিত হচ্ছে? তাঁরা কী বলেছিলেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ক্লাসিক্যাল ভাব ও রোমান্টিক ভাব সম্পর্কে মোহিতলাল মজুমদারের দৃষ্টিভঙ্গী সংক্ষেপে লেখো।

খ) "একা শকুন্তলা শকুন্তলার এক তৃতীয়াংশ" — প্রাবন্ধিকের মন্তব্য অনুযায়ী বক্তব্যটি ব্যাখ্যা করো।

গ) "সাহিত্যের সহজ অর্থ যা বুঝি সে হচ্ছে নৈকট্য, অর্থাৎ সম্মিলন।"—'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধ অবলম্বনে উক্তিটির তাৎপর্য লেখো।

ঘ) '.... সেই ভীষণ জনসংঘাতের মধ্যেও তাঁহার মতো একক প্রাণী আর কে ছিল? — কোন্ প্রবন্ধে কী প্রসঙ্গে কার সম্পর্কে এরূপ বলা হয়েছে সংক্ষেপে লেখো।

ঙ) 'আপনাকে না ভুললে মিলন হয় না' — কোন্ প্রবন্ধে কথাটি আছে? সংক্ষেপে কথাটির তাৎপর্য বিশ্লেষণ করো।

চ) "যে জাতির জীবনীশক্তি আছে তাহার ভাবপ্রত্যয় শক্ত বুনিয়াদের উপর প্রতিষ্ঠিত হয়।"— 'বর্তমান সমাজ ও সংস্কৃতি' প্রবন্ধ অবলম্বনে লেখকের বক্তব্য স্পষ্ট করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলাদেশী মানুষের জীবনে রবীন্দ্রসংগীত কতখানি সংযুক্ত ছিল তা সানজিদা খাতুনের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'নরনারী' প্রবন্ধ অবলম্বনে তাঁর 'নারী' বিষয়ক ভাবনাটি নিজের ভাষায় লেখো।

গ) 'ডমিন্যান্ট মাইনরিটি' সম্পর্কে নীরদ সি চৌধুরীর অভিমত পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে লেখো।

ঘ) "রসের অনুভূতি প্রবল হলে সে ছাপিয়ে যায় আমাদের মনকে। তখন তাকে প্রকাশ করতে চাই নিত্যকালের ভাষায়; কবি সেই ভাষাকে মানুষের অনুভূতির ভাষা করে তোলে; অর্থাৎ জ্ঞানের ভাষা নয়— হৃদয়ের ভাষা, কল্পনার ভাষা।" — 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করো।

অথবা

"নিখিলকে ছিন্ন করে হয় লাভ, নিখিলকে এক করে হয় রস।"— রবীন্দ্রনাথের 'তথ্য ও সত্য' প্রবন্ধে উল্লিখিত মন্তব্যটির যথার্থ্য বিচার করো।

---